ইন্টারনেট ব্যবহারে সতর্কতা এবং বর্জনীয় সমূহ

Digital Literacy Center

দোস্ত, কেমিস্ট্রি ফোর্থ চ্যাপ্টার বুঝতে পারছি না। স্যার যে কী বুঝালেন কেউই বুঝলো না।

কিন্তু আমি তো বুঝেছি।

সে জন্যই তো তোর বাসায় চলে আসছি। বুদ্ধিটা দারুণ না বল?

না, এত গরমে জ্যাম ঠেলে না এসে সবাই মিলে অনলাইনে একটা গ্রুপ করে গ্রুপ ডিসকাশনের ব্যবস্থা করলে বুদ্ধিমানের কাজ হতো।

অনলাইন মানে গোটা ইন্টারনেট বিষয়টাই আমার কাছে ভয়ংকর লাগে।

কেন? এটা এমন কথা?

মানে কখন কী হয়ে যায়? কেউ যদি হ্যাক করে বা উল্টা-পাল্টা কিছু ঘটে যায়, সেজন্য...

আরে আমরা তো জাস্ট গ্রুপ স্টাডি করতাম।

তারপরেও আমার ভয় লাগে

শোন, ইন্টারনেট ব্যবহারে একটু সতর্ক থাকলে আর কিছু বিষয় এড়িয়ে চললে ভয়ের কিচ্ছু নেই।

তাই? একটু বল না কী কী বিষয়ে সতর্ক থাকতে হবে?

বলছি শোন,

ইন্টারনেটে তোর ব্যক্তিগত তথ্য যেমন ছবি, ভিডিও, বাড়ির ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠান, পারিবারিক আয়, ইত্যাদি শেয়ার করবি না।

প্রাইভেসি সেটিংস চালু রাখবি।

বিভিন্ন সময়ে অপরিচিত উৎস থেকে অনেক ধরনের লোভনীয় অফার আসে।

নিরাপদ ব্রাউজিং নিশ্চিত করতে অপরিচিত উৎসের কোনো লিঙ্কে ক্লিক করবি না।

আচ্ছা তারপর?

তারপর কোনো কিছু ডাউনলোড করার ক্ষেত্রে সাবধান থাকতে হবে। অবশ্যই সেটি সম্পর্কে রিভিউ পড়ে নিতে হবে।

কোনো তথ্য শেয়ার করার আগে তথ্যের সত্যতা যাচাই এবং তথ্যের উৎস সঠিক ও নির্ভরযোগ্য কিনা তা খতিয়ে দেখতে হবে।

ইন্টারনেটে কোনো মানুষের সংস্পর্শে আসলে ঘনিষ্ঠতা বৃদ্ধির আগে মানুষটির নির্ভরযোগ্যতা ও উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হতে হবে।

ইন্টারনেট ভাইরাসের ক্ষতিকর প্রভাব থেকে বাঁচতে অ্যান্টি-ভাইরাস সফটওয়্যার ব্যবহার করতে হবে।

মনে থাকবে?

হ্যাঁ থাকবে।
আর কোন বিষয়গুলো
এড়িয়ে চলতে হবে?

শোন তোর ব্যক্তিগত তথ্য পরিচিত-অপরিচিত নির্বিশেষে
কাউকেই অপ্রয়োজনীয়ভাবে প্রদান করবি না।

সর্বসাধারণের অনুপ্রবেশ আছে এমন স্থানে
তোর ব্যক্তিগত তথ্য শেয়ার করবি না।

অনিরাপদ লিঙ্ক ও অ্যাটাচমেন্টে ক্লিক করবি না।

ঠিক আছে,
তারপর?

তারপর হলো,

অপরিচিত, রেজিস্ট্রেশনবিহীন এবং
সন্দেহজনক উৎস থেকে তথ্য, ছবি, ভিডিও বা
অ্যাপ ডাউনলোড করা যাবে না।

অনলাইনে অবাধ মেলামেশা/যোগাযোগ বা
বন্ধুত্ব করা, অপরিচিতদের সাথে ঘনিষ্ঠতা রাখা,
ইত্যাদি বিষয়গুলো এড়িয়ে চলতে হবে।

বুঝতে পারলি?

তোকে অনেক ধন্যবাদ।
কত সুন্দর করে আমার
ভয়টা কাটিয়ে দিলি।

হয়েছে হয়েছে এখন বল ফোর্থ
চ্যাপ্টারে কী সমস্যা?

না এভাবে না,
চল আমরা অনলাইনে
একটা গ্রুপ করে এ বিষয়ে
ডিসকাশন করি।